গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৮২৫.২৫/ ৩২৪৭ তারিখঃ ০৭../০৫/২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস স্মারক**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন বেঙ্গল লেদার কমপ্লেক্স লিমিটেড, প্লট নংঃ- YD2+YA5+YA6 বিসিক চামড়া শিল্প নগরী, হেমায়েতপুর, সাভার, ঢাকা ( বিন-০০০৭১৩২৬৩-০৪০৩) নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। যার বন্ড লাইসেন্স নং-১৯৭/কাস-পিবিডব্লিউ/২০০৪, তারিখঃ ০৬/০৫/২০০৪ খ্রিঃ (কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা)। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত পানি বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো ঃ

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা | সংশ্লিষ্ট কোড | পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর | অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| বেঙ্গল লেদার কমপ্লেক্স লিমিটেড ( বিন-০০০৭১৩২৬৩-০৪০৩), প্লট নংঃ- YD2+YA5+YA6 বিসিক চামড়া শিল্প নগরী, হেমায়েতপুর, সাভার, ঢাকা | পানি | এস ০২৫.০০ | ০৩২৭৬ (ডিপ)<br>২০২২১২০১৭ (ডিপ) | ১০০% |

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে পানি বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার বিভাগ,সাভার, ঢাকা দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি সুবিধা **পানির মিটার নম্বর- ০৩২৭৬ (ডিপ) এবং ২০২২১২০১৭ (ডিপ) এর বিপরীতে পরিশোধযোগ্য পানির বিলের জন্য তারিখঃ জুলাই/২০২৬ খ্রিঃ** হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।

০৬/০৮/২০২৬

O/C

(কাজী ফরিদ উদ্দীন)
কমিশনার
ফোনঃ +৮৮০-০২-৪১০০২৬৫৯
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

**ব্যবস্থাপনা পরিচালক**
বেঙ্গল লেদার কমপ্লেক্স লিমিটেড
(বিন-০০০৭১৩২৬৩-০৪০৩),
প্লট নংঃ- YD2+YA5+YA6 বিসিক চামড়া শিল্প নগরী,
হেমায়েতপুর, সাভার, ঢাকা।

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৮২৫.২৫/ ৩১৪৯ (১-৪)

তারিখঃ ০৯/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো</u> ঃ

০১। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যার্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ট্যানারি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়েস্টেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট কোম্পানি লিমিটেড, বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধরা,হেমায়েতপুর, সাভার, ঢাকা।

০৩। জেনারেল ম্যানেজার/ম্যানেজার, ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, গণকবাড়ী, সাভার, ঢাকা।

০৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার বিভাগ, সাভার, ঢাকা [ তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো]

O/C

(মোঃ শফিকুল ইসলাম)
সহকারী কমিশনার (চঃদা)